

প্রাথমিকে থাকছে না বৃত্তি পরীক্ষা

অনলাইন ডেস্ক

৮ আগস্ট ২০২৩ ০৪:৫৪ পিএম | আপডেট: ৮ আগস্ট ২০২৩ ০৭:৪৯ পিএম

78
Shares



প্রতীকী ছবি

advertisement..

প্রাথমিক পর্যায়ের বৃত্তি পরীক্ষা আবারও বন্ধের সিদ্ধান্ত নিয়েছে সরকার। তবে ভিন্ন আঙ্গিকে শিক্ষার্থীদের বৃত্তি দেওয়া হবে। আজ মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ জনসংযোগ কর্মকর্তা মাহবুবুর রহমান তুহিন বলেন, বৃত্তি পরীক্ষা না থাকলেও ভিন্ন আঙ্গিকে মূল্যায়ন করে শিক্ষার্থীদের বৃত্তি দেওয়া হবে। তবে বৃত্তি প্রদানে কী কী মানদণ্ড থাকবে সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়নি।

advertisement

জানা গেছে, জাতীয় শিক্ষাক্রম রূপরেখা অনুসারে আগামী শিক্ষাবর্ষ থেকেই প্রথম, ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে চালু হচ্ছে নতুন শিক্ষাক্রম, যা পর্যায়ক্রমে অন্য শ্রেণিতেও বাস্তবায়ন করা হবে। এ ক্ষেত্রে প্রথাগত পরীক্ষাকে কম গুরুত্ব দিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানেই ধারাবাহিক মূল্যায়নের ওপর গুরুত্ব দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

গত তিন বছর ধরে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা নেওয়া হচ্ছে না। আগামী দিনেও এ পরীক্ষা হবে না বলে সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ ছাড়া জেএসসি-জেডিসি পরীক্ষাও না নেওয়ার ঘোষণা ইতোমধ্যে দেওয়া হয়েছে।

পিইসি পরীক্ষা বন্ধ হয়ে যাওয়ার ১৩ বছর পর গত বছর থেকে পরীক্ষামূলক বৃত্তি পরীক্ষা চালু হয়। এমন পরিস্থিতিতে প্রতিযোগিতা বেড়ে যাওয়ায় শিক্ষার্থীরা কোচিংমুখী হয়ে পড়ে। তাদের কোচিং নির্ভরতা কমানোর জন্য প্রাথমিক বৃত্তি পরীক্ষা বন্ধ করার সিদ্ধান্ত হলো।

২০০৯ সালে প্রাথমিক সমাপনী পরীক্ষা চালু হওয়ার পর প্রাথমিক বৃত্তি পরীক্ষা বন্ধ করা হয়। পিইসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর পাওয়া শিক্ষার্থীদের বৃত্তি দেওয়া হতো।

78

Shares